সমকাল

22 OCT 2016

# সব বিভাগে হবে রেসিডেনসিয়াল মডেল স্কুল

সমকাল প্রতিবেদক

শতভাগ আবাসিক সুবিধা নিয়ে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) ভিত্তিতে দেশের আটটি বিভাগীয় সদরে নির্মাণ করা হবে রেসিডেনসিয়াল মডেল স্কুল। এসব স্কুল প্রতিষ্ঠার মূল লক্ষ্য শিক্ষার্থীদের জন্য গুণগত শিক্ষা নিশ্চিত করা। প্রতিটি শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ জন। আবাসিক এসব বিদ্যালয়ে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক চর্চার মতো সহশিক্ষা কার্যক্রমও পরিচালিত হবে। আর স্কুলগুলোতে যোগ্য ও মেধাবী শিক্ষকরাই নিয়োগ পাবেন। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, দেশে এ ধরনের উদ্যোগ এবারই প্রথম। সম্পূর্ণ অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে এসব স্কুল পরিচালিত হবে। কোনো বাণিজ্যিক উদ্দেশ্যে নয়, শুধু সেবার জন্য যেসব বেসরকারি প্রতিষ্ঠান শিক্ষা খাতে বিনিয়োগে আগ্রহী, তাদেরই এ উদ্যোগে সম্পৃক্ত করবে সরকার। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) সূত্র জানায়, 'সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-সেসিপ' এর সহায়তায় পিপিপি প্রকল্পের এ কার্যক্রম শুরু হয়েছে। পিপিপি কর্মকর্তারা বর্তমানে 'প্রকল্প উন্নয়ন পরিকল্পনা' (ডিপিপি) তৈরির কাজ করছেন। প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি জানাতে আগামী ২৭ অক্টোবর রাজধানীর ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## সব বিভাগে হবে

[শেষ পৃষ্ঠার পর]

নায়েম একাডেমিতে একটি কর্মশালা হবে।

প্রকল্প সূত্রে জানা গেছে, পিপিপি প্রথমে বিভাগীয় শহরে এসব মডেল স্কুল নির্মাণ করবে। ইতিবাচক ফল এলে এরপর পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে নির্মাণ করা হবে। স্কুল পরিচালনার জন্য সরকার ও বিনিয়োগকারীদের মধ্যে ২০ থেকে ২৫ বছর মেয়াদি চুক্তি হবে। প্রকল্প বাস্তবায়নে খরচ ধরা হয়েছে আড়াই হাজার কোটি টাকা।

জানা যায়, দেশে মাধ্যমিক স্তরে সরকারি স্কুল মাত্র ৩১৩টি। আর বেসরকারি স্কুলের সংখ্যা ১৮ হাজার ২০০। ব্যক্তি উদ্যোগে এসব শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করা হলেও সরকারই মূলত এমপিওভুক্তির মাধ্যমে শিক্ষকদের অর্থ সহায়তা দিয়ে থাকে। এসব কারণেই ব্যক্তি ও সরকারি উদ্যোগে মডেল হাই স্কুল নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পিপিপি ঘোষণার পর ২০১০ সালে পিপিপি নীতিমালা ও কৌশল, ২০১২ সালে পিপিপি কারিগরি সহায়তা অর্থায়ন নীতিমালা (পিপিপিটিএএফ) এবং ২০১২ সালে পিপিপিটিএএফ কর্মসূচি এবং গত বছর পিপিপি আইন করা হয়েছে। এর বাইরে পিপিপি প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতকে আকৃষ্ট করতে গঠন করা হয়েছে 'বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফিন্যান্স ফান্ড লিমিটেড' (বিআইএফএফএল) নামের একটি কোম্পানি।

পিপিপি প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত সেসিপের সহকারী পরিচালক মো. হাফিজুর রহমান সমকালকে বলেন, 'পিপিপির মাধ্যমে মানসম্মত আবাসিক স্কুল নির্মাণ করা হলে শিক্ষা আরও যুগোপযোগী হবে।'